২৫, ০১৭, ১১
৪৮৮
আপত্রপ্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর
আগারগাঁও, ঢাকা - ১২০৭
www.coop.gov.bd

স্মারক নং ঃ ৪৭.৬১.০০০০.০০৯.২০.০০৬.১৪- ১২২ বাজেট

তারিখঃ ০৯/০৯/২০১৪

বিষয় ঃ ভ্রাম্যমান প্রশিক্ষণ বিষয়ক নির্দেশনা।

সমবায় সমিতির সদস্যদের সমবায় সমিতি আইন, বিধিমালা এবং সমবায় কার্যক্রম সম্পর্কে ধারণা প্রদানের উদ্দেশ্যে প্রতিটি জেলা সমবায় দপ্তরে ০১ (এক) জন প্রশিক্ষক ও ০১ (এক) জন সহকারী প্রশিক্ষকের সমন্বয়ে ভ্রাম্যমান প্রশিক্ষক দল রয়েছে। ২০১৩-১৪ অর্থ বছরে ভ্রাম্যমান প্রশিক্ষনের গুরুত্ব অনুধাবন করে জেলা সমবায় দপ্তর সমূহের জন্য 'প্রশিক্ষণ খাত সৃষ্টি করা হয় এবং এ খাতে ২০ (বিশ) লক্ষ টাকা বাজেট বরাদ্দ পাওয়া যায়। উক্ত বরাদ্দকৃত অর্থ দ্বারা সুষ্ঠভাবে প্রশিক্ষণ প্রদানের জন্য অনুরোধ করা হয়েছিল। অধিকাংশ জেলার ভ্রাম্যমান প্রশিক্ষণ প্রদানে স্বচ্ছতা পরিলক্ষিত হয়নি। ২০১৪-২০১৫ অর্থ বছরে রাজস্ব বাজেটে প্রশিক্ষণ খাতে ৬৫ (পঁয়ষট্টি) লক্ষ টাকা এবং সমবায় উন্নয়ন তহবিল হতে প্রয়োজনীয় বাজেট বরাদ্দের সংস্থান রাখা হয়েছে। উক্ত অর্থ দ্বারা জেলার ভ্রাম্যমান প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য নিম্নলিখিত নির্দেশাবলী অনুসরণ করার জন্য অনুরোধ করা হ'ল।

ভ্রাম্যমান প্রশিক্ষণ বিষয়ক নির্দেশনা

০১। সমবায় সমিতি পর্যায়ে প্রশিক্ষণ অনুষ্ঠান করতে হবে।
০২। প্রশিক্ষণে অংশ গ্রহণকারী হবে ২৫ জন। প্রতিটি সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির মধ্য হতে সর্বোচ্চ ৫ জনের বেশী মনোনয়ন প্রদান করা যাবে না।
০৩। ভ্রাম্যমান প্রশিক্ষণের মেয়াদ হবে ০১ দিন।
০৪। প্রশিক্ষণে সমবায়ী প্রশিক্ষণার্থীদের দক্ষতা বৃদ্ধিকরণ, দায়িত্ব-কর্তব্য সম্পর্কে অবহিত করণ, সমবায় সমিতির হিসাব সংরক্ষণ পদ্ধতি এবং সমবায় আইন ও বিধিমালার উপর প্রাথমিক ধারণা প্রদান করতে হবে।
০৫। প্রতিটি প্রশিক্ষণের জন্য অংশগ্রহণকারীদের উপস্থিতি তালিকা সংযুক্ত ছক অনুযায়ী প্রস্তুত করতে হবে। প্রতি মাসের প্রশিক্ষণ বিবরণী পরবর্তী মাসের ৫ তারিখের মধ্যে ০১ (এক) প্রস্থ অত্র দপ্তরের ফাইন্যান্স শাখায় প্রেরন করতে হবে।
০৬। বছর শেষে সংশ্লিষ্ট জেলার ভ্রাম্যমান প্রশিক্ষন মূল্যায়নের উপর বাৎসরিক একটি প্রতিবেদন অবশ্যই অত্র দপ্তরে প্রেরণ করতে হবে।
০৭। সম্ভব হলে প্রশিক্ষণের কিছু ছবি তুলতে হবে, যা পরবর্তীতে সমবায় বিষয়ক পত্র-পত্রিকা বা অন্য প্রকাশনায় ব্যবহার করা যায়।
০৮। প্রতিটি কোর্সের বাজেট কাঠামো ৪০০০/- টাকা। উক্ত টাকার মধ্যে ফোল্ডার, বলপেন, কাগজ বাবদ (২৫×২০) = ৫০০ টাকা, দুপুরের খাওয়া (২৫×১৪০)= ৩৫০০/- টাকার মধ্যে সীমিত রাখতে হবে।
০৯। প্রতি উপজেলায় কমপক্ষে ০৩ টি করে প্রশিক্ষণ কোর্সের আয়োজন করতে হবে। তবে বিভাগীয় কার্যক্রমের গুরুত্ব বিবেচনায় এ সংখ্যা হ্রাস বৃদ্ধি করা যেতে পারে।

সংযুক্ত ঃ ০১ (এক) পাতা।

০৭/০৯/১৪
(মোঃ মফিজুল ইসলাম)
নিবন্ধক ও মহাপরিচালক
সমবায় অধিদপ্তর, ঢাকা।

প্রাপক,

জেলা সমবায় অফিসার,

.................................।

অনুলিপি ঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে।

০১। অতিরিক্ত নিবন্ধক (ইপিপি), সমবায় অধিদপ্তর, ঢাকা।
০২। অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমী, কোটবাড়ী, কুমিল্লা।
০৩। যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, ........................।

## ভ্রাম্যমান প্রশিক্ষনের বিষয় সমূহ

| ক্রঃ নং | বিষয়বস্তু |
|---|---|
| ০১। | সমবায় কি ও কেন? সমবায়ের সংক্ষিপ্ত ইতিহাস ও এর প্রয়োজনীয়তা। |
| ০২। | সমবায় সমিতি আইন ও বিধিমালার অতি প্রয়োজনীয় বিধান, উপ-আইন সংশোধন পদ্ধতি ও ব্যবস্থাপনা কমিটি নির্বাচন সম্পর্কে ধারণা। |
| ০৩। | সমবায় সমিতি সাধারণ সদস্য ও ব্যবস্থাপনা কমিটির সদস্যদের যোগ্যতা, দায়িত্ব ও কর্তব্য। |
| ০৪। | সমবায় সমিতির সাধারণ সভা, বিশেষ সাধারণ সভা, ব্যবস্থাপনা কমিটির সভা আহবানের পদ্ধতি ও নিয়মিত সভা আহবানের প্রয়োজনীয়তা। |
| ০৫। | সমবায় সমিতির মূলধন গঠন ও উহার সুষ্ঠ বিনিয়োগের মাধ্যমে আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন সম্পর্কে ধারণা। |
| ০৬। | সমবায় সমিতি রেজিষ্টার সমূহ লিখন ও সংরক্ষণ পদ্ধতি। |
| ০৭। | সমবায় সমিতির বার্ষিক অডিট সম্পাদন ও হিসাব বিবরণী প্রস্তুত সম্পর্কে ধারণা। |

## ভ্রাম্যমান প্রশিক্ষণের প্রশিক্ষণার্থীদের হাজিরা তালিকার ছক

উপ-জেলার নাম ঃ.................................... জেলার নাম ঃ ....................................তারিখ ঃ

| ক্রঃ নং | প্রশিক্ষণার্থীদের নাম | মোবাইল নং | সমিতির নাম ও ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |

স্বাক্ষর
সহকারী প্রশিক্ষক/প্রশিক্ষক

স্বাক্ষর
উপজেলা সমবায় কর্মকর্তা

স্বাক্ষর
জেলা সমবায় কর্মকর্তা

(মোঃ সাইফুল ইসলাম)
উপ-নিবন্ধক (অর্থায়ন)
সমবায় অধিদপ্তর, ঢাকা।